প্রথম আলো

তারিখ ... 31 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫




হাসান আজিজুল হক সেলিনা হোসেন

# ডি লিট ডিগ্রি পাচ্ছেন হাসান আজিজুল হক ও সেলিনা হোসেন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

বাংলা সাহিত্যে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ডি লিট ডিগ্রি পাচ্ছেন প্রখ্যাত কথাসাহিত্যিক হাসান আজিজুল হক ও সেলিনা হোসেন।

গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের ৪৬৪তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন *প্রথম আলোকে* বলেন, হাসান আজিজুল হক ও সেলিনা হোসেন দুজনই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। বাংলা সাহিত্যে তাঁদের অবদান শুধু দেশেই নয়, সারা বিশ্বেই স্বীকৃত। দেশ-বিদেশ থেকে তাঁরা নানা পুরস্কার ও পদকে ভূষিত হচ্ছেন। দুজনের অবদানের স্বীকৃতি ও তাঁদের সফলতার উদ্‌যাপনের অংশ হিসেবে ডি লিট ডিগ্রি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আগামী সমাবর্তনে আনুষ্ঠানিকভাবে তাঁদের হাতে এই ডিগ্রি তুলে দেওয়া হবে। এতে সমাবর্তনও তাৎপর্যমণ্ডিত হবে।

হাসান আজিজুল হক ১৯৬০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। এরপর ১৯৭৩ সালে তিনি দর্শন বিভাগে শিক্ষক হিসেবে যোগ দেন। ১৯৯৯ সালে লাভ করেন একুশে পদক। বর্তমানে অবসর জীবনযাপন করছেন হাসান আজিজুল হক।

আর কথাসাহিত্যিক সেলিনা হোসেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষার্থী ছিলেন। তিনি ১৯৬৭ সালে বিএ এবং ১৯৬৮ সালে এমএ পাস করেন। তাঁর সাহিত্যকর্ম বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে।